# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪২২৭

২৯/ আংটি (كتاب الخاتم)

পরিচ্ছেদঃ ৫. ডান অথবা বাম হাতে আংটি পরা সম্পর্কে

بَابُ مَا جَاءَ فِي التَّخَتُّمِ فِي الْيَمِينِ أَوِ الْيَسَارِ

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ، حَدَّثَنِي أَبِي، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ أَبِي رَوَّادٍ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَتَخَتَّمُ فِي يَسَارِهِ، وَكَانَ فَصُّهُ فِي بَاطِنِ كَفِّهِ قَالَ أَبُو دَاوُدَ: قَالَ ابْنُ إِسْحَاقَ، وَأُسَامَةُ يَعْنِي ابْنَ زَيْدٍ، عَنْ نَافِعٍ، بِإِسْنَادِهِ فِي يَمِينِهِ

شاذ

বাংলা

৪২২৭। ইবনু উমার (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর বাম হাতে আংটি পরতেন, আংটির পাথর তাঁর হাতের তালুর দিকে থাকতো। ইমাম আবূ দাঊদ (রহঃ) বলেন, ইবনু ইসহাক ও উসামা ইবনু যায়িদ নাফি (রহঃ)-এর সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ডান হাতের কথা বলেছেন।[1]

শায।

## English

Narrated Abdullah ibn Umar:

The Prophet (ﷺ) used to wear the signet-ring on his left hand, and put its stone next the palm of his hand.

Abu Dawud said: Ibn Ishaq and Usamah b. Zaid transmitted from Nafi': "On his right hand".

ফুটনোট

[1]. আবূ দাঊদ এটি এককভাবে বর্ণনা করেছেন। এটি বায়হাক্বীতে রয়েছে। সনদের আব্দুর আযীয ইবনু আবূ রাওয়াদ সম্পর্কে হাফিয বলেনঃ সত্যবাদী, কিন্তু তার দ্বারা সন্দেহ আছে। তিনি ছিলেন মুরযিয়া। ইমাম যাহাবী মীযান গ্রন্থে বলেনঃ ইবনু হুসাইন বলেন, যঈফ।

হাদিসের মান: শা'জ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=61595

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন